

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ২(৫)শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০২(অংশ-১)/৩১১

তারিখ : ০৫/০৬/২০০৭ইং

অফিস আদেশ

বিষয় : রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় অবস্থিত শিল্প কারখানাসমূহের রপ্তানি পণ্য উৎপাদনের পাশাপাশি উৎপাদিত ক্রেটিয়ুক্ত রপ্তানি অযোগ্য পণ্য ব্যবস্থিতকরণ প্রসঙ্গে।

The Customs Act, 1969 এর section 95(b) এবং The Customs (Export processing Zones) Rules, 1984 এর বিধি-৬ অনুযায়ী বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় (ইপিজেড) এ অবস্থিত শিল্প কারখানাসমূহের রপ্তানি পণ্য উৎপাদনের পাশাপাশি উৎপাদিত ক্রেটিয়ুক্ত রপ্তানির অযোগ্য নিম্নমানের পণ্য ব্যবস্থিতকরণে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নোক্ত পদ্ধতি অনুসরণের জন্য আদেশ জারী করছেঃ

- (ক) রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় অবস্থিত প্রতিষ্ঠানের রপ্তানির অযোগ্য ক্রেটিপূর্ণ পণ্য স্থানীয় বাজারে (tariff area) বিক্রয়ের অনুমতি প্রদানের ক্ষমতা সংশ্লিষ্ট কমিশনারের উপর ন্যস্ত করা হলো;
- (খ) রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় অবস্থিত প্রতিষ্ঠানের রপ্তানির অযোগ্য ক্রেটিপূর্ণ পণ্য স্থানীয় বাজারে বিক্রয়ের পূর্বে বেপজা (BEPZA) এর পূর্বনুমতি সংগ্রহ করতে হবে;
- (গ) পণ্যসমূহ যথাযথ মান সম্পন্ন না হওয়ায় স্থানীয় ট্যারিফ এলাকায় আমদানির জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বনুমতি সংগ্রহ করতে হবে;
- (ঘ) কোন প্রতিষ্ঠান রপ্তানির অযোগ্য পণ্য স্থানীয় ট্যারিফ এলাকায় বছরে একবারের বেশী বিক্রয় করতে পারবে না এবং ক্রেটিয়ুক্ত পণ্যের পরিমাণ প্রতিষ্ঠানের পূর্ববর্তী বছরের মোট রপ্তানির দশ শতাংশের বেশী হতে পারবে না;
- (ঙ) পণ্য উন্মুক্ত সীলমোহরকৃত দরপত্র আহবানের মাধ্যমে প্রাপ্ত সর্বোচ্চ দরপত্র মূল্যে বিক্রয় করতে হবে। তবে শর্ত থাকে যে, ন্যূনতম ১৫ দিনের সময় দিয়ে প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে কমপক্ষে পাঁচটি ৩টি বাংলা ও ২টি ইংরেজী বহুল প্রচারিত জাতীয় দৈনিকে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে এবং শুল্ক কর্তৃপক্ষের পূর্বনুমতিক্রমে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ নিজস্ব খরচে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করবেন;
- (চ) দরপত্রের মাধ্যমে প্রাপ্ত মূল্যকে বিনিময় মূল্য (Transaction Value) হিসাবে গ্রহণ করে তার ভিত্তিতে শুল্কায়ন সম্পন্ন করে শুল্ক-কর আদায় করতে হবে। তবে ন্যূনতম তিনটি দরপত্র বিজ্ঞপ্তি পাওয়া না গেলে পুনরায় দরপত্র আহবান করতে হবে;
- (ছ) দরপত্র প্রক্রিয়া তদারকী এবং দরপত্র মূল্যের গ্রহণযোগ্যতা বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ কমিটি গ্রহণ করতে হবেঃ

(অ) সহকারী কমিশনার, ডিইপিজেড	-	সভাপতি
(আ) সুপারিনটেনডেন্ট, ডিইপিজেড	-	সদস্য সচিব
(ই) বেপজা এর প্রতিনিধি	-	সদস্য
(ঈ) বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি	-	সদস্য
(উ) বন্ড কমিশনারেটের প্রতিনিধি	-	সদস্য

- (জ) কাস্টমস বন্ড কমিশনারেট, সদর দপ্তর, ঢাকা, সহকারী কমিশনারের দপ্তর, ইপিজেড ও বেপজা কর্তৃপক্ষের দপ্তরে টেন্ডার গ্রহণের ব্যবস্থা রাখতে হবে;
- (ঝ) ঋণপত্র প্রতিষ্ঠার মাধ্যমে পণ্যের আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- (ঞ) অনুমোদিত টেন্ডার মূল্যের ভিত্তিতে বিল অব এন্ট্রি দাখিল ও শুল্কায়ন সম্পন্ন করতে হবে;
- (ট) শুল্কায়িত বিল অব এন্ট্রির ভিত্তিতে শুল্ক-কর পরিশোধ করতে হবে;
- (ঠ) শুল্ক কর্তৃপক্ষের তত্ত্বাবধানের পণ্যের খালাস গ্রহণ করতে হবে।

(কাজী তৌহিদা আখতার)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড)

প্রাপক : কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।